



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৯-১২-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় '২০২১ সালের ফিফা রেফারী/ ফিফা সহকারী রেফারীগনের তালিকাভুক্তি পরীক্ষা' গত ১৪ অক্টোবর ২০২০ তারিখ মেডিক্যাল পরীক্ষা এবং ১৬ অক্টোবর ২০২০ তারিখ ফিটনেস টেস্ট অনুষ্ঠিত হয় এবং গত ২ নভেম্বর ২০২০ তারিখে ফিফাতে নাম প্রেরণ করা হয়। অদ্য ১৭ ডিসেম্বর ২০২০ তারিখ ফিফা কর্তৃক প্রেরিত পত্রে ৫ জন ফিফা রেফারী (মোঃ মিজানুর রহমান, গোলাম মোর্শেদ চৌধুরী বিটুরাজ বড়ুয়া, সোহরাব হোসেন, আলমগীর), ৭ জন সহকারী ফিফা রেফারী (মোঃ মনির আহমেদ ঢালী, মোঃ শফিকুল ইসলাম ইমন, মোঃ খোরশেদ আলম, মোঃ নুরুজ্জামান, শাহ আলম, সুজয় বড়ুয়া) ও ১ জন মহিলা ফিফা রেফারী (জয়া চাকমা) ও ১ জন মহিলা সহকারী ফিফা রেফারী (সালমা আক্তার মনি) কে ফিফা কর্তৃক '২০২১ সনের ফিফা রেফারী/ সহকারী ফিফা রেফারী তালিকাভুক্তিতে' মনোনিত করা হয়।

বাফুফে'র সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দিন, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতিবৃন্দ, নির্বাহী কমিটির সদস্যবৃন্দ, সাধারণ সম্পাদকসহ সকল স্ট্যাভিং কমিটি এবং বাফুফে'র কর্মকর্তা-কর্মচারীগণ ফিফা রেফারী/ ফিফা সহকারী রেফারীগনকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করছে।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।